

## পরীক্ষা

### প্রাকৃতিক দুর্যোগ

## চট্টগ্রামসহ ৩ বোর্ডের এইচএসসি ও সমমানের পরীক্ষা পেছাল

বিশেষ প্রতিবেদক ঢাকা



প্রথম আলো ফাইল ছবি

প্রাকৃতিক দুর্যোগের কারণে চট্টগ্রাম শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এইচএসসি ও সমমানের পরীক্ষা পেছানো হয়েছে। পরিবর্তিত সময়সূচি অনুযায়ী এই তিন শিক্ষা বোর্ডের পরীক্ষা ১৭ আগস্টের পরিবর্তে ২৭ আগস্ট থেকে শুরু হবে। তবে অন্যান্য শিক্ষা বোর্ডের পরীক্ষা নির্ধারিত সূচি আগামী ১৭ আগস্ট থেকে অনুষ্ঠিত হবে।

আন্তঃশিক্ষা বোর্ডের সমন্বয়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার আজ শুক্রবার রাতে প্রথম আলোকে এ তথ্য জানিয়েছেন। পূর্ব ঘোষিত সময় অনুযায়ী সব কয়টি (১১টি) শিক্ষা বোর্ডের পরীক্ষা ১৭ আগস্ট থেকে শুরু হওয়ার কথা ছিল। কিন্তু চট্টগ্রাম অঞ্চলে অতি বৃষ্টির কারণে প্রাকৃতিক দুর্যোগ দেখা দিয়েছে। এজন্য ওই এলাকার চার জেলার শিক্ষা প্রতিষ্ঠান ছুটিও ঘোষণা করা হয়েছিল। এখন তিন শিক্ষা বোর্ডের এইচএসসি ও সমমানের পরীক্ষাও পেছাল।



---

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ২০২৩ প্রথম আলো